21 APR 2016

### রাজবাড়ীতে স্কুল শিক্ষক আ. লীগের প্রার্থী

# ৪০০ স্কুল ছাত্র নির্বাচনী মিছিলে

রাজবাড়ী প্রতিনিধি ▷

শ্রেণিকক্ষে পাঠদান বাদ দিয়ে স্কুল ড্রেস পরে নির্বাচনী প্রচারণায় নামতে বাধ্য করা হয়েছে ছাত্রদের। কারণ স্কুলের শিক্ষক আহম্মদ আলী মাস্টার আওয়ামী লীগের মনোনীত প্রার্থী। ছাত্রদের গলায় ঝুলছে 'নৌকা প্রতীক' সংবলিত ব্যাচ। তারা স্লোগান দিচ্ছে 'নৌকা, আহম্মদ স্যারের নৌকা'। গতকাল মঙ্গলবার এ ঘটনা ঘটে রাজবাড়ীর বালিয়াকান্দি উপজেলার ইসলামপুর ইউনিয়নে। রামদিয়া বিএমবিসি উচ্চ বিদ্যালয়ের চার শতাধিক ছাত্রকে এ ধরনের প্রচারণায় অংশ নিতে বাধ্য করা হয়েছে বলে অভিযোগ পাওয়া গেছে।

এদিকে নির্বাচন কমিশন ওই প্রার্থীর বিরুদ্ধে আচরণবিধি ভঙ্গের অভিযোগ এনে বালিয়াকান্দি থানার ওসিকে তদন্ত করে ব্যবস্থা নেওয়ার সুপারিশ করেছে। তবে গতকাল বিকেল পর্যন্ত ওই সুপারিশপত্র হাতে পাননি বলে জানিয়েছেন সংশ্লিষ্ট থানার ওসি।

একাধিক ছাত্র ও এলাকাবাসী সূত্রে জানা গেছে, আগামী ২৩ এপ্রিল তৃতীয় ধাপে ইসলামপুর ইউনিয়নে নির্বাচন অনুষ্ঠিত হতে যাচ্ছে। এতে আওয়ামী লীগের প্রার্থী রামদিয়া বিএমবিসি উচ্চ বিদ্যালয়ের সহকারী শিক্ষক আহম্মদ আলী মাস্টার। গত মঙ্গলবার সকালে শিক্ষার্থীরা স্কুলে আসার পর, কিছু ব্যক্তি, ওই স্কুলের কয়েকজন শিক্ষকের সহযোগিতায় ষষ্ঠ থেকে দশম শ্রেণির বাইসাকেল থাকা চার শতাধিক ছাত্রকে চিহ্নিত করে। সেই সঙ্গে তাদের প্রত্যেকের নির্বাচনী প্রচারণায় নামানো হয়। খবর পেয়ে বালিয়াকান্দির এসি ল্যান্ড ও নির্বাহী ম্যাজিস্ট্রেট ঘটনাস্থলের উদ্দেশে রওনা হন। বিষয়টি আহম্মদ মাস্টারের লোকজন জানার পর মুঠোফোনের মাধ্যমে ছাত্রদের সড়ক ছেড়ে অন্যত্র চলে যাওয়ার নির্দেশ দেয়। তারা দুপুরের দিকে বারমল্লিকা এলাকায় পৌঁছার পর পরই সটকে পড়ে।

ওই বিদ্যালয়ের প্রধান শিক্ষক সুদর্শন কুমার রায় জানান, বিষয়টি তিনি বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি সভাপতিকে অবহিত করেন এবং প্রার্থী আহম্মদ মাস্টারের কাছে ঘটনাটির ব্যাখ্যাও জানতে চেয়েছেন। তবে প্রার্থী আহম্মদ আলী মাস্টার জানান, তাঁর স্কুলের ছাত্ররা বাইসাইকেল নিয়ে কোনো মিছিলে অংশগ্রহণ করেছে কি না তা তাঁর জানা নেই। তা ছাড়া তিনি বিদ্যালয় থেকে নৈমিত্তিক ছুটি নিয়ে নির্বাচনে অংশগ্রহণ করছেন। তবে কবে থেকে ছুটিতে আছেন, তা তিনি স্মরণ করতে পারেননি।

উপজেলার এসি ল্যান্ড ও নির্বাহী ম্যাজিস্ট্রেট ফারজানা জামান জানান, স্বতন্ত্র চেয়ারম্যান পদপ্রার্থী আবুল হোসেন খানের অভিযোগটি রিটার্নিং অফিসার ও উপজেলা সমাজসেবা কর্মকর্তা এহায়েদুল জামান আমলে নিয়েছেন। তিনি ওই প্রার্থীর বিরুদ্ধে তদন্তপূর্বক ব্যবস্থা গ্রহণ করার জন্য বালিয়াকান্দি থানার ওসিকে অনুরোধ জানিয়ে পত্র দিয়েছেন।